

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৬

১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ : ২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

পরিপত্র

সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গু রোগের প্রকোপ দেখা দিয়েছে। বহু মানুষ এতে আক্রান্ত হয়েছেন এবং হচ্ছেন। বিশেষজ্ঞদের ধারণা, সতর্কতা অবলম্বন করলে এ রোগ হতে নিষ্ঠার পাওয়া সম্ভব। ডেঙ্গু প্রতিরোধের জন্য সরকারের সংশ্লিষ্ট দপ্তরসমূহ সকল প্রচেষ্টা অব্যাহত রেখেছে। ডেঙ্গু এডিস মশা বাহিত একটি রোগ। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের খেলার মাঠ এবং ভবনসমূহের মাঝে পানি জমে থাকে এমন জায়গা, ফুলের টবে জমে থাকা পানি এডিস মশার উপযুক্ত প্রজনন কেন্দ্র। ডেঙ্গুর বিষ্টার রোধে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কার্যকর ভূমিকা রাখতে পারে। এ লক্ষ্যে দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে ডেঙ্গু প্রতিরোধে নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহ গ্রহণ করতে হবে:

- ১.১ খেলার মাঠ ও ভবনসমূহ নিয়মিত পরিষ্কার রাখতে হবে;
- ১.২ মাঠ কিংবা ভবনে জমে থাকা পানি দ্রুত সরিয়ে ফেলতে হবে;
- ১.৩ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সৌন্দর্য বর্ধনের জন্য যে সকল ফুলের টব রাখা হয়েছে, সেগুলো নিয়মিত পরিষ্কার রাখতে হবে;
- ১.৪ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ডেঙ্গু প্রতিরোধের উপায়সমূহ প্রত্যহ শিক্ষার্থীদের আনুষ্ঠানিকভাবে অবহিত করতে হবে।

মোহিবুর

(মো. সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব

২৫.০৭.২০১৯

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩- ২৩৬

১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ : ২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা [সকল বিশ্ববিদ্যালয়ে অনুলিপি প্রেরণ করে নিয়মিত মনিটরিং করার অনুরোধসহ]।
৪. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. বিভাগীয় কমিশনার (সকল)।
৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা [সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদেরকে বর্ণিত কার্যক্রম মনিটরিং করাসহ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহের অনুরোধসহ]।
৭. জেলা প্রশাসক (সকল)।
৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল।
৯. আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

চলমান পাতা/২

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের
অনুরোধসহ]।

6/12/26
25/09/2029
(আনোয়ারুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭৪২৫
ই-মেইল: ds_sec2@moedu.gov.bd